বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

website: www.krishibank.org.bd
E-mail : dgmonm@krishibank.org.bd
phone: 9551655

প্রশাসন (এমপিডি) পরিপত্র নং-১৩/২০১৮ তারিখঃ ০৮-১০-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকে e-Tendering পদ্ধতিতে ক্রয়কার্য সম্পন্নের নিমিত্ত দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন প্রসংগে।

পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ধারা ৬৭ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ১২৮ অনুসরণে প্রণীত এবং জারীকৃত ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) নির্দেশমালা মেনে সরকারী তহবিলের অর্থ দ্বারা যে কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতি ব্যবহার করার সরকারী নির্দেশনা রয়েছে।

০২। বর্তমানে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী এবং সংশ্লিষ্ট আইনের আওতায় ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র নং-০৬/২০১৭, তারিখ ২১.০৩.২০১৭ অনুসারে গঠিত দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয়তা অনুসারে বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে। e-Tendering কার্যক্রম পরিচালনার জন্য অত্র ব্যাংকে কোন প্রকার দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হয়নি।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিদ্যমান কমিটির (পরিপত্র নং-০৬/১৭,তারিখ ২১-০৩-২০১৭ অনুসারে) পাশাপাশি e-Tendering পদ্ধতিতে পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের জন্য দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

০৪। পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ৬৫(২) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক প্রণীত Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির বিষয়ে আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক বর্ণিত বিষয়ের প্রস্তাবটি বিগত ১৬.০৫.২০১৮ ইং তারিখে পর্ষদের ৭০৯তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) ই-জিপি পদ্ধতি পরিচালনার জন্য Business Process Re-engineering (BPR) এ বর্ণিত নিম্নোক্ত User ID-গুলো পদাধিকার অনুযায়ী অত্যাবশ্যকীয়ভাবে চালু করার প্রস্তাব গৃহীত হয়ঃ

- HOPE (Head of Procuring Entity) ID ঃ ক্রয়কারী কার্যালয়ের প্রধান হিসেবে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ আইডির (User Name & Password) ধারক হবেন। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুপস্থিতিতে বা প্রয়োজনবোধে ক্রয়কার্য সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় এই আইডির পাসওয়ার্ড ব্যবহার ও সংরক্ষণ করবেন। বার্ষিক কর্ম পরিকল্পনা (Annual Procurement Plan বা APP) এবং টেন্ডার সংক্রান্ত যে কোন কাজের(Work Plan) প্রতিটি ধাপের অনুমোদন এই আইডির মাধ্যমে করতে হবে।
- AO (Authorized Officer) ID ঃ HOPE ID এর পরবর্তী ধাপ হচ্ছে AO ID । যে কোন Work Plan এবং বার্ষিক কর্ম পরিকল্পনা (APP) AO এর সম্মতি সাপেক্ষে HOPE এর নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। মূলত ক্রয়কার্য সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক বা উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ আইডির বাহক হবেন।
- PE (Procuring Entity) ID ঃ ক্রয়কারী ইউনিটের প্রধান (বিভাগীয় প্রধান) হচ্ছে PE User । বার্ষিক কর্ম পরিকল্পনা (APP) এবং টেন্ডার সংক্রান্ত যে কোন কাজ (Work Plan) PE User তাঁর ID ব্যবহার করে সম্পন্ন করবেন।
- AU (Authorized User) ID ঃ ক্রয়কারী ইউনিটের প্রধান (বিভাগীয় প্রধান) এর সহায়তাকারী কর্মকর্তা AU User। মূলত ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তা এই আইডির বাহক হবেন।
- TOC(Tender Opening Committee) ঃ পিপিআর-২০০৮ এর ৭ নং ধারা অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্য সংখ্যা ৩ জন হলেও ই-জিপি সিস্টেমে এ কমিটির সদস্য সংখ্যা ২ জন। এছাড়া প্রতিটি সদস্যদেরকে পৃথক পৃথক আইডি প্রদান করতে হবে।
- TEC(Tender Evaluation Committee) ঃ পিপিআর-২০০৮ এর ৮ নং ধারা অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা কমপক্ষে ৫ জন অনধিক ৭ জন। তম্মধ্যে প্রতিষ্ঠান বহির্ভূত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ২ জন সদস্য অন্তর্ভূক্ত থাকতে হবে। কিন্তু ই-জিপি সিস্টেমে এ কমিটির সদস্য সংখ্যা ৩ জন এবং প্রতিষ্ঠান বহির্ভূত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ সদস্য অন্তর্ভূক্তির ক্ষেত্রে বাধ্যবাধকতা নেই। অর্থাৎ প্রতিষ্ঠানভূক্ত বা প্রতিষ্ঠান বহির্ভূত যে কোন একজন সদস্য হতে পারে। এক্ষেত্রেও প্রত্যেক সদস্যকে পৃথক পৃথক আইডি প্রদান করতে হবে।

চলমান পাতা-০২

(খ) e-GP guideline অনুসারে e-Tendering কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ এবং মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয়ের পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের জন্য "সংযুক্তি -ক" মোতাবেক বিভিন্ন দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হলো। নবগঠিত এ কমিটির কার্যক্রমের আওতায় আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, প্রকিউরমেন্ট বিভাগ, কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১ এবং এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ছাড়াও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহও অন্তর্ভুক্ত হবে।

(গ) যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে প্রাক্কলিত ব্যয়ের উপর ভিত্তি করে ক্রয় কার্যক্রমকে নিম্নবর্ণিতভাবে মোট ০৩(তিন) টি স্তরে বিভক্ত করে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হয়।

১. ৬.০০(ছয়) লক্ষ টাকা পর্যন্ত সকল প্রকার পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে,
২. ৬.০০(ছয়)লক্ষ টাকার উর্ধ্ব হতে ১.০০(এক) কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে,
৩. ১.০০(এক) কোটি টাকার তদুর্দ্ধ পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে।

(ঘ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং এর সংশোধনীর আওতায় বিদ্যমান ক্রয় কার্যক্রম চলমান থাকার পাশাপাশি প্রয়োজনীয়তানুসারে e-GP এর নির্দেশনা মোতাবেক e-Tendering কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে "সংযুক্তি -ক" মোতাবেক দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিসমূহের কার্যক্রম পরিচালিত হবে। এতদ্ব্যতীত খাত ভেদে স্ব স্ব আর্থিক ক্ষমতার সীমা অনুযায়ী ব্যাংকের নির্বাহীগণ সেবা ও পণ্য ক্রয় এবং পূর্ত কাজ যথানিয়মে সম্পাদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ করবেন।

(ঙ) ১০.০(দশ) কোটি বা তদুর্দ্ধ সীমার ক্রয়কার্যের ক্ষেত্রে "সংযুক্তি -ক"তে বর্ণিত দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-৩ Business Process Re-engineering (BPR) অনুযায়ী e-GP সিস্টেমের আওতায় যাবতীয় ক্রয়কার্যক্রম সম্পন্ন করবেন। অধিকন্তু, এক্ষেত্রে ক্রয়কার্যক্রম শুরুর পূর্বে প্রশাসনিক অনুমোদন গ্রহণকালে এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন গ্রহণকালে প্রযোজ্য ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় অনুমোদন গ্রহণ করতে হবে।

০৫। e-Tendering পদ্ধতিতে ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে কোন বিষয় স্পষ্টীকরণের জন্য অথবা ক্রয় সংশ্লিষ্ট বিভাগীয় বা কার্যালয়স্থ আইডিসমূহ খোলার ব্যাপারে সহায়তার জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। এ পরিপত্রে বর্ণিত বিষয়াবলী অবিলম্বে কার্যকর হবে।

০৮/১০/১৮

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ

নং প্রকা/এমপিডি-৮৬//২০১৮-২০১৯/৫৭(১২০৫) তারিখঃ ০৮.১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ এবং কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক), বিকেবি রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১১। নথি/মহানথি।

(বেলাল আহমেদ)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ক

## e-GP সিস্টেমে ক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য প্রস্তাবিত কমিটিসমূহ

১. প্রধান কার্যালয়স্থ বিভিন্ন বিভাগের যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

সংশ্লিষ্ট বিভাগঃ (১) আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,
(২) আইসিটি অপারেশন বিভাগ,
(৩) প্রকিউরমেন্ট বিভাগ,
(৪) কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ এবং
(৫) এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
(৬) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

(ক) ৬.০০(ছয়) লক্ষ টাকা পর্যন্ত সকল প্রকার পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি-১ | | |
|---|---|---|---|
| ১ | সহকারী মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ২ | উর্ধতন মুখ্য কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তা | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-১ | | |
|---|---|---|---|
| ১ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ২ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ ব্যতীত আইসিটি সিস্টেমস / আইসিটি অপারেশন / প্রকিউরমেন্ট / এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং / কর্মী কল্যাণ ও পরিবহন / হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১ | সদস্য |
| ৩ | সহকারী মহাব্যবস্থাপক (উন্মুক্তকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

(খ) ৬.০০(ছয়)লক্ষ টাকার উর্ধ্ব হতে ১.০০(এক) কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি-২ | | |
|---|---|---|---|
| ১ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ২ | সহকারী মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-২ | | |
|---|---|---|---|
| ১ | মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট মহাবিভাগ | সভাপতি |
| ২ | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | অত্র ব্যাংক বহির্ভূত প্রতিষ্ঠান (৩য় বা ৪র্থ গ্রেড সমমান) | সদস্য |
| ৩ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

(গ) ১.০০(এক) কোটি টাকার তদুর্দ্ধ পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি-৩ | | |
|---|---|---|---|
| ১ | মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট মহাবিভাগ | সভাপতি |
| ২ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

| ক্রঃ | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-৩ | | |
|---|---|---|---|
| ১ | উপব্যবস্থাপনা পরিচালক | সংশ্লিষ্ট বিভোগের দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালক। তাঁর অবর্তমানে দায়িত্বপ্রাপ্ত অন্য উপব্যবস্থাপনা পরিচালক / জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক। | সভাপতি |
| ২ | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | অত্র ব্যাংক বহির্ভূত প্রতিষ্ঠান (৩য় বা ৪র্থ গ্রেড সমমান) | সদস্য |
| ৩ | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

২. বিকেবি, স্টাফ কলেজ- যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রঃনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | জ্যেষ্ঠ উর্ধতন অনুষদ সদস্য (সমন্ব) | বিকেবি, স্টাফ কলেজ | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (মুখ্য কর্মকর্তার নিচে নয়) | বিকেবি, স্টাফ কলেজ | সদস্য সচিব |

| ক্রঃনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | অধ্যক্ষ | বিকেবি, স্টাফ কলেজ | সভাপতি |
| (২) | উপ মহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা | সদস্য |
| (৩) | জ্যেষ্ঠ উর্ধতন অনুষদ সদস্য (সমন্ব) (উন্মুক্তকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | বিকেবি, স্টাফ কলেজ | সদস্য সচিব |

চলমান পাতা-০২

৩. স্থানীয় মুখ্য কার্যালয়ের যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসন) | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন) | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা | সভাপতি |
| (২) | উপমহাব্যবস্থাপক | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ | সদস্য |
| (৩) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন )<br>(উন্মুকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

৪. বিভাগীয় কার্যালয়ের যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (২) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(উন্মুকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

* বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ক্রয় কার্যক্রম বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সম্পাদিত হবে।

৫. কর্পোরেট শাখার যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | কর্পোরেট শাখা | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | কর্পোরেট শাখা | সদস্য সচিব |

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | উপমহাব্যবস্থাপক | কর্পোরেট শাখা | সভাপতি |
| (২) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(উন্মুকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | কর্পোরেট শাখা | সদস্য সচিব |

৬. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের যে কোন ধরণের পণ্য বা সেবা ক্রয় এবং পূর্ত কাজের ক্ষেত্রে ঃ

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক/<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/<br>আঞ্চলিক কার্যালয় | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য সচিব |

| ক্রমনং | e-GP সিস্টেম অনুসারে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ | | |
|---|---|---|---|
| (১) | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় | সভাপতি |
| (২) | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সহকারী মহাব্যবস্থাপক/<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা<br>(উন্মুকরণ কমিটির দায়িত্বপ্রাপ্ত) | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় | সদস্য সচিব |